গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট
পরিকল্পনা ও মূল্যায়ন
www.brri.gov.bd

**২০২৫-২৬ অর্থবছরে বাস্তবায়িতব্য ব্রি'র এডিপিভুক্ত উন্নয়ন প্রকল্প এবং কর্মসূচিসমূহের নভেম্বর/২০২৫ মাস পর্যন্ত অগ্রগতির পর্যালোচনা সভার কার্যবিবরণী।**

| | |
|---|---|
| সভাপতি | |
| সভার তারিখ | ১৮-১২-২০২৫ |
| সভার সময় | ১০:০০ মিনিট |
| স্থান | ড. জহিরুল ইসলাম ট্রেনিং কমপ্লেক্স ভবনের সভাকক্ষ |
| উপস্থিতি | পরিচালক (গবেষণা), পরিচালক (প্রশাসন ও সাধারণ পরিচর্যা) এবং উচ্চশিক্ষা ও গবেষণা সমন্বয়কারী (সিএএসআর), সকল বিভাগ, শাখা ও আঞ্চলিক কার্যালয় প্রধানগণ, প্রকল্প পরিচালক/ উপ-প্রকল্প পরিচালকগণ, নন এডিপি প্রকল্প পরিচালকগণ এবং পরিকল্পনা ও মূল্যায়ন বিভাগের কর্মকর্তাগণ। |

| | |
|---|---|
| ১. | ২০২৫-২৬ অর্থবছরে বাস্তবায়িতব্য ব্রি'র উন্নয়ন প্রকল্প এবং রাজস্ব বাজেটের আওতায় অনুন্নয়ন কর্মসূচিসমূহের নভেম্বর/২০২৫ মাস পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভা গত ১৮/১২/২০২৫ তারিখে বীর মুক্তিযোদ্ধা ড. জহিরুল ইসলাম ট্রেনিং কমপ্লেক্স ভবনের সভাকক্ষে সরাসরি/জুম প্লাটফর্মে অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন মহাপরিচালক ড. মোহাম্মদ খালেকুজ্জামান। সভায় পরিচালক (গবেষণা), পরিচালক (প্রশাসন ও সাধারণ পরিচর্যা) এবং উচ্চশিক্ষা ও গবেষণা সমন্বয়কারী (সিএএসআর), প্রকল্প পরিচালকগণ, বিভাগীয়/আঞ্চলিক কার্যালয় প্রধানগণ এবং সংশ্লিষ্ট কর্মকর্তাগণ অংশগ্রহণ করেন। |
| ২. | উপস্থাপন :<br>সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে প্রিন্সিপাল প্লানিং অফিসার আতিয়া রোখসানা সভার আলোচ্যসূচি উপস্থাপন করেন। |
| ৩. | বিগত সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ :<br>গত ২০/১১/২০২৫ তারিখে অনুষ্ঠিত পর্যালোচনা সভার কার্যবিবরণীতে ইতোমধ্যে যারা মূল্যবান মতামত দিয়েছেন তাদের ধন্যবাদ জানিয়ে নিশ্চিতকরণের জন্য সভায় উপস্থাপন করা হয়। সভায় উপস্থিত কর্মকর্তাদের কোনো মন্তব্য/সংশোধনী না থাকায় মহাপরিচালক মহোদয়ের সম্মতিতে কার্যবিবরণীটি নিশ্চিত করা হয়। |
| ৪. | বিগত সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনাঃ |
| ৪.১ | সভার শুরুতে প্রিন্সিপাল প্লানিং অফিসার সভায় উপস্থিত সকলের জ্ঞাতার্থে গত ২৬/১১/২০২৫ তারিখে কৃষি মন্ত্রণালয়ে অনুষ্ঠিত এডিপি পর্যালোচনা সভায় ব্রির জন্য প্রযোজ্য সিদ্ধান্তসমূহ উপস্থাপন করেন। এ প্রেক্ষিতে মহাপরিচালক মহোদয় উপস্থাপিত প্রযোজ্য সিদ্ধান্তসমূহ সংশ্লিষ্টদের বস্তবায়ন করার নির্দেশনা দিয়ে প্রিন্সিপাল প্লানিং অফিসারকে ব্রির এডিপি সভার আলোচ্যসূচি উপস্থাপন করতে আহ্বান জানান।<br><br>অতঃপর প্রিন্সিপাল প্লানিং অফিসার গত ২০/১১/২০২৫ তারিখে ব্রিতে অনুষ্ঠিত এডিপি সভায় গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতির উপর ধারাবাহিকভাবে আলোকপাত করেন এবং শুরুতে চলতি ২০২৫-২৬ অর্থবছরে রাজস্ব/প্রকল্প/কর্মসূচির বাজেটের আওতায় ক্রয় পরিকল্পনায় নির্ধারিত পণ্য, কার্য ও সেবার দরপত্রের স্পেসিফিকেশন দক্ষতার সহিত প্রস্তুত করে দ্রুত কার্যাদেশ প্রদানের ব্যবস্থা গ্রহণ সংক্রান্ত সিদ্ধান্তটি তুলে ধরেন। এ প্রেক্ষিতে মহাপরিচালক মহোদয় প্রকল্পসমূহের দরপত্রের অগ্রগতি জানতে চাইলে পার্টনার প্রকল্পের প্রকল্প উপ-পরিচালক সভায় জানান, ২১ টি দরপত্রের মধ্যে ১৪ টির কার্যাদেশ সম্পন্ন হয়েছে, অবশিষ্ট দরপত্রের মধ্যে ৩টি দরপত্র (বায়োটেকনোলজি, হাইব্রিড ও প্ল্যান্ট ব্রিডিং এর ল্যাব যন্ত্রপাতি সংগ্রহ) মূল্যায়ন পর্যায়ে রয়েছে, ৩ টি দরপত্র লাইভ রয়েছে এবং অবশিষ্ট ১টি দরপত্র অদ্য NOA প্রদান করা হবে। এরপর "নতুন ০৬টি আঞ্চলিক কার্যালয় স্থাপনের মাধ্যমে স্থানভিত্তিক ধানের জাত ও প্রযুক্তি উদ্ভাবন এবং বিদ্যমান গবেষণাগার উন্নয়ন (এলএসটিডি)" শীর্ষক প্রকল্পের প্রকল্প পরিচালক বলেন, ২টি দরপত্রের মধ্যে আউটসোর্সিং উপায়ে গাড়ির সংগ্রহ কাযক্রম মূল্যায়ন পর্যায়ে রয়েছে যা সপ্তাহে সম্পন্ন হয়ে যাবে এবং ১৪টি মোটরসাইকেল ক্রয়ে কৃষি মন্ত্রণালয়ের থেকে সম্মতি সংক্রান্ত |

| | |
|---|---|
| | জিও পাওয়ার পর অর্থ মন্ত্রণালয়ের থেকে সম্মতি পাওয়ার জন্য পত্র প্রেরণ করা হয়েছে। এ প্রেক্ষিতে মহাপরিচালক মহোদয় প্রকল্প পরিচালককে দ্রুততম সময়ে মোটরসাইকেল ক্রয়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশ প্রদান করেন।<br><br>প্রিন্সিপাল প্লানিং অফিসার ব্রি'র চলমান প্রকল্পসমূহের ২০২৫-২৬ অর্থবছরে এডিপি বরাদ্দের আলোকে নভেম্বর/২০২৫ পর্যন্ত গড় অগ্রগতি (ব্যয় ৪৫.৭৭৮৪ কোটি টাকা, বরাদ্দের ১৪.২৪% যা গতবছরের তুলনায় সামান্য বেশি) এবং প্রকল্পভিত্তিক আর্থিক ও ভৌত অগ্রগতিসহ প্রধান প্রধান কার্যক্রমের ভৌত লক্ষ্যমাত্রা ও অগ্রগতি উপস্থাপন করেন। মহাপরিচালক মহোদয় এলএসটিডি প্রকল্পের আওতায় নতুন ও বিদ্যমান আঞ্চলিক কার্যালয়সমূহের জমি অধিগ্রহণের বিষয়ে জানতে চাইলে, প্রকল্প পরিচালক সভায় জানান যে পরিবেশ ছাড়পত্রের চিঠিসহ সকল অধিগ্রহণ সংক্রান্ত সকল ডকুমেন্ট প্রেরণ করা হয়েছে; নতুন আঞ্চলিক কার্যালয়সমূহের ব্যাপারে কৃষি মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের সাথে যোগাযোগ রয়েছে এবং সচিব মহোদয় জানিয়েছেন দ্রুত এ সংকান্ত একটি স্টিয়ারিং কমিটির সভা আহবান করবেন। এ প্রেক্ষিতে মহাপরিচালক মহোদয় প্রকল্পের অগ্রগতি সংক্রান্ত সকল তথ্যাদির কপি পরিকল্পনা ও মূল্যায়ন বিভাগে প্রেরণের জন্য নির্দেশ প্রদান করেন। এরপর প্রিন্সিপাল প্লানিং অফিসার চলতি অর্থবছরে চলমান যান্ত্রিক এবং হাইব্রিড প্রকল্পের অগ্রগতি উপস্থাপনের পর পার্টনার প্রকল্পের অগ্রগতি উপস্থাপন করলে মহাপরিচালক মহোদয় বীজ সংরক্ষণাগার নির্মাণ (৮টি আঞ্চলিক কার্যালয়) কাজের অগ্রগতি জানতে চাইলে প্রকল্প উপ-প্রকল্প পরিচালক সভাকে জানান যে, কুষ্টিয়া ও সিরাজগঞ্জের আঞ্চলিক কার্যালয়ের বীজ সংরক্ষণাগার নির্মাণ পরবর্তী হস্তান্তর করা হয়েছে এবং আগামী ১ মাসের মধ্যে হবিগঞ্জ, সোনাগাজী এবং বরিশাল আঞ্চলিক কার্যালয়ের বীজ সংরক্ষণাগার নির্মাণ কাজ শেষ হবে ও অবশিষ্ট ৫ টি বীজ সংরক্ষণাগারের নির্মাণ কাজ দ্রুত শুরু করা হবে। এ প্রেক্ষিতে মহাপরিচালক মহোদয় কাজ দ্রুততার সহিত শুরু করার এবং ব্রি প্রধান কার্যালয়ের আইডিয়াল ফার্ম ডেভলপমেন্টের কাজ শেষ হওয়ায় ঠিকাদারের অপরিশোধিত বিল যথাযথ প্রক্রিয়ায় পরিশোধ করার নির্দেশ প্রদান করেন। এরপর মহাপরিচালক মহোদয় পার্টনার প্রকল্পের আওতায় নির্মাণাধীন কেমিক্যাল ওয়েস্ট ম্যানেজমেন্ট প্ল্যান্টের জন্য ডুয়েট কর্তৃক প্রদত্ত সুপারিশ বাস্তবায়ন করা হয়েছে কিনা জানতে চাইলে উপ-প্রকল্প পরিচালক সভাকে জানান যে, ডুয়েটের সুপারিশ অনুযায়ী বিভিন্ন পরীক্ষা সম্পন্ন করা হয়েছে।<br><br>এরপর প্রিন্সিপাল প্লানিং অফিসার ব্রি'র চলমান এলএসটিডি প্রকল্পের প্রধান প্রধান কার্যক্রমের অগ্রগতি উপস্থাপন করলে মহাপরিচালক মহোদয় এলএসটিডি প্রকল্পে কৃষক পর্যায়ে উন্নতমানের বীজ উৎপাদন (১০০ মে. টন/বছর) সম্পর্কে জানতে চাইলে প্রকল্প পরিচালক সভাকে জানান যে, পূর্বে এই কার্যক্রমটির তেমন অগ্রগতি হয়নি তবে বর্তমানে প্রতিবছর কৃষক পর্যায়ে উন্নতমানের বীজ উৎপাদন ও সংগ্রহের (১০০ মে. টন) জন্য উদ্যোগ গ্রহণ করা হয়েছে।<br><br>মহাপরিচালক মহোদয় চলতি আমন মওসুমে যান্ত্রিক প্রকল্পের আওতায় উদ্ভাবিত ব্রি কম্বাইন হার্ভেস্টারের কার্যকারিতা এবং উপযোগিতা পরীক্ষার লক্ষ্যে কর্তন কালে শস্যের ক্ষতি পরিমাপ করে মওসুম শেষে কারিগরি প্রতিবেদন সম্পর্কে জানতে চাইলে এফএমপিএইচটি বিভাগের বিভাগীয় প্রধান সভাকে জানান যে, গত বোরো মওসুমের তুলনায় আমন মওসুমে মাঠে সক্ষমতা হ্রাস পেয়েছে এর কারণ হিসেবে তিনি জানান কুমিল্লা আঞ্চলিক কার্যালয়ের গবেষণা মাঠগুলো বেশ ছোট ছোট, তবে জ্বালানি খরচ বর্তমানে কিছুটা হ্রাস পেয়েছে। প্রথমবারের মত ডেটা বিশ্লেষণে প্রাপ্ত ফলাফল অনুযায়ী, যান্ত্রিক প্রকল্পের আওতায় উদ্ভাবিত হেডফিড কম্বাইন হার্ভেস্টারের তুলনায় হোলফিড কম্বাইন হার্ভেস্টারের কার্যকারিতা অধিক। হেডফিডে ব্লকেজ সমস্যা এবং বেল্ট সমস্যা অধিক এবং অপারেটরের দক্ষতা এখানে ভীষণভাবে গুরুত্বপূর্ণ। এ প্রেক্ষিতে মহাপরিচালক মহোদয় এফএমপিএইচটি বিভাগের বিভাগীয় প্রধানকে সুন্দরভাবে ফলাফল বর্ণনা করার জন্য ধন্যবাদ জ্ঞাপন করেন এবং পরবর্তী মওসুমেও বিভিন্ন আদ্রতায় শস্যের ক্ষতি পরিমাপ সম্বলিত প্রতিবেদন জমা দিতে বিভাগীয় প্রধান, এফএমপিএইচটি এবং সংশ্লিষ্ট প্রকল্প পরিচালককে পুনরায় নির্দেশ প্রদান করেন। |
| ৪.২ | এরপর প্রিন্সিপাল প্লানিং অফিসার ফলিত গবেষণা বিভাগ/আঞ্চলিক কার্যালয়ের মাধ্যমে যে প্রদর্শনী হয় তার সংখ্যা যৌক্তিক পর্যায়ে কমানোর লক্ষ্যে আঞ্চলিক কার্যালয়সমূহে ইতোমধ্যে প্রেরিত প্রশ্নের উত্তরের অগ্রগতি সংক্রান্ত সিদ্ধান্ত উপস্থাপন করলে প্রধান, কৃষি পরিসংখ্যান বিভাগ সভাকে জানান যে, শুধু মাত্র ফলিত গবেষণা বিভাগ থেকে এ বিষয়ে তথ্য পাওয়া গিয়েছে। এ প্রেক্ষিতে মহাপরিচালক মহোদয় এ সংক্রান্ত বিষয়ে আঞ্চলিক কার্যালয়ের প্রধানগণের আলেচনার প্রেক্ষিতে প্রশ্নমালা নিয়ে কৃষি প্রধান,পরিসংখ্যান বিভাগ কে সংশ্লিষ্ট বিভাগ/আঞ্চলিক কার্যালয়ের প্রধানগণকে নিয়ে জুম মিটিং করার নির্দেশ প্রদান করেন। |
| ৪.৩ | মহাপরিচালক মহোদয় ব্রির অবকাঠামো নির্মাণের মাস্টার প্ল্যান আগামী এডিপি সভায় উপস্থাপন করতে এবং সভার শুরুতেই এ বিষয়টি বিষয়টি উথাপন করার জন্য প্রিন্সিপাল প্লানিং অফিসারকে নির্দেশ প্রদান করেন। |
| ৪.৪ | প্রিন্সিপাল প্লানিং অফিসার সভায় মেকানাইজড ভিলেজ কার্যক্রম বাস্তবায়ন সর্ম্পকিত সিদ্ধান্ত উপস্থাপন করলে মহাপরিচালক মহোদয় আঞ্চলিক কার্যালয় প্রধানগণকে প্রকল্প পরিচালক এবং বিভাগীয় প্রধান, এফএমপিএইচটি বিভাগের সাথে সমন্বয় করে কার্যক্রম পরিচালনা করতঃ প্রয়োজনে স্থান পরিবর্তনসহ নিজ এলাকা ও উদ্যোক্তা বিবেচনায় নিয়ে নিজস্ব কর্মপরিকল্পনা প্রণয়ন করতে এবং প্রকল্প পরিচালককে আরও প্রশিক্ষণ প্রদান করে উদ্যোক্তা/ আঞ্চলিক কার্যালয়ের জনবলের যন্ত্র চালনা, মেরামত ও রক্ষণাবেক্ষণে দক্ষতা বৃদ্ধি করতে পুনরায় নির্দেশ প্রদান করেন। |
| ৪.৫ | মহাপরিচালক মহোদয় প্রকল্প/কর্মসূচি এবং জিওবি বাজেটের আওতায় আঞ্চলিক কার্যালয়ের মাধ্যমে বীজ ধান উৎপাদন ও প্রক্রিয়াকরণে সকল নিয়ম কানুন অনুসরণসহ বীজের অপটিমাম জারমিনেশন নিশ্চিত করেই বীজ বিতরণ করতে নির্দেশ প্রদান করার পরেও কিছু কিছু ক্ষেত্রে বীজের অপটিমাম জারমিনেশন নিশ্চিত না হওয়ায় তার হতাশা ব্যক্ত করেন। প্রেক্ষিতে |

| | |
|---|---|
| | মহাপরিচালক মহোদয় বীজ ধানের সকল গুণাগুণ কিভাবে বজায় রাখা যায় তার উপর জিআরএস বিভাগসহ সকল গবেষণা বিভাগকে পরিচালক (গবেষণা) বরাবর প্রস্তাবনা আগামী ৩১ ডিসেম্বর ২০২৫ এর মধ্যে প্রেরণ করতে নির্দেশ প্রদান করেন। |
| ৪.৬ | প্রিন্সিপাল প্লানিং অফিসার রাজস্ব বাজেট এবং প্রকল্প/কর্মসূচির আওতায় চলমান বিভিন্ন নির্মাণ এবং ভূমি উন্নয়ন কাজের ভৌত পরিমাণ ও গুণগতমান নিশ্চিত করার লক্ষ্যে প্রধান কার্যালয়ের মনিটরিং এবং স্থানীয় মনিটরিং কমিটিকে বাস্তবায়াধীন কার্যক্রম নিয়মিত পরিদর্শন করতে এবং পরিদর্শনকালে কোন ত্রুটি-বিচ্যুতি পাওয়া গেলে কাজ বন্ধ রাখার সিদ্ধান্ত উপস্থাপন সংক্রান্ত সিদ্ধান্ত উপস্থাপন করলে পার্টনার প্রকল্পের উপ-প্রকল্প পরিচালক সভায় জানান যে, ঠিকাদারের নিকট পর্যাপ্ত অর্থ না থাকায় কুষ্টিয়া আঞ্চলিক কার্যালয়ের কাজ বন্ধ রয়েছে, এজন্য তার জন্য বিল প্রস্তুত করা হয়েছে, যাতে প্রস্তাবিত সময়ের মাঝে কাজ শেষ হয়। এরপর গোপালগঞ্জ আঞ্চলিক কার্যালয়ের প্রধান সভায় জানান যে, নির্মাণাধীন কাজে ঠিকাদারের কাছে পূর্বের ম্যানেজারের বিষয়ে অভিযোগ জানানোর পর ঠিকাদার নতুন ম্যানেজার নিযুক্ত করেন এবং কয়েকদিন পর আবার সেই পূর্বের ম্যানেজার কাজে যোগদান করে নতুনভাবে কাজের বর্ধিত সীমা জুন পর্যন্ত বাড়িয়ে সাইনবোর্ড স্থাপন করেন। তিনি আরো জানান কাজের বর্ধিত সময়ের ব্যাপারে পরিচালক (প্রশাসন ও সা. পরিচর্যা) এবং নির্বাহী প্রকৌশলীর সাথে যোগাযোগ করে জানতে পারেন কোন সময় বাড়ানো হয় নাই, তাই তিনি সাইনবোর্ড অপসারণ করেন। এ প্রেক্ষিতে মহাপরিচালক মহোদয় গোপালগঞ্জ আঞ্চলিক কার্যালয়ের প্রধানকে সাইনবোর্ড এর ছবি প্রেরণ এবং প্রকল্প পরিচালককে গোপালগঞ্জ আঞ্চলিক কার্যালয়ের কাজের গতি বৃদ্ধি করতঃ সাইনবোর্ডে সময় বৃদ্ধির জন্য ঠিকাদারকে কারণ দর্শানোর নোটিশ প্রদান করতে নির্দেশ প্রদান করেন।<br>মহাপরিচালক মহোদয় প্রধান/আঞ্চলিক কার্যালয়ে সব নির্মাণ কাজে ব্যবহৃত ইট, রডসহ সব উপকরণ এক নম্বর নিশ্চিত না হলে ফেরত পাঠানোর পাশাপাশি ইট ও বালু ব্যবহারের পূর্বে তা চৌবাচ্চায় বা হাউজে ভিজিয়ে রাখার বিষয়ে সাতক্ষীরা আঞ্চলিক কার্যালয়ের প্রধানের নিকট জানতে চাইলে তিনি সভাকে জানান যে, বর্তমানে নতুন নিযুক্ত ব্যক্তি যোগ্যতাসম্পন্ন এবং নির্দেশনা অনুযায়ী কাজ সম্পন্ন করতে পারে। সভায় আরএফএস বিভাগের বিভাগীয় প্রধান জনাব ড.মো. ইব্রাহিম সভাকে জানান যে, আঞ্চলিক কার্যালয়ের মনিটরিং রিপোর্ট পেলেও সদর দপ্তরের মনিটরিং সম্পর্কে সবাই অবগত নয়। তিনি আরো বলেন কেন্দ্রিয় রাইস এনালাইটিক্যাল ভবনের নীচতলা ও উপরের তলায় টাইলস এর কাজে বেশ অসঙ্গতি প্রতীয়মান হয়েছে। এ প্রেক্ষিতে মহাপরিচালক মহোদয় প্রকল্প পরিচালক, নির্বাহী প্রকৌশলী এবং কেন্দ্রীয় মনিটরিং কমিটিকে মনিটরিং কার্যক্রম জোরদার করার জন্য নির্দেশ প্রদান করেন। সভায় ড.মো. ইব্রাহিম কেন্দ্রিয় রাইস এনালাইটিক্যাল ভবনে লিফট স্থাপনের অগ্রগতির বিষয়ে আলোকপাত করলে মহাপরিচালক মহোদয় নির্বাহী প্রকৌশলী নিকট লিফট এর বিষয়ে জানতে চাইলে নির্বাহী প্রকৌশলী সভাকে জানান যে, আগামী ৩১ জানুয়ারীর ২০২৬ এর মধ্যে লিফট স্থাপন করা হবে। |
| ৪.৭ | মহাপরিচালক মহোদয় নন-এডিপিভুক্ত সকল প্রকল্পের বাস্তবায়ন/বাস্তবায়নোত্তর পর্যায়ে কৃষক বা কৃষি ক্ষেত্রে এর প্রভাব ও কার্যক্রমের টেকসই রূপদানের পরিকল্পনা উল্লেখসহ বিভিন্ন বিভাগে বাস্তবায়নাধীন নন-এডিপিভুক্ত প্রকল্পের গবেষণাসহ অন্যান্য কার্যক্রম এবং তার আউটপুট নিয়ে বিভাগভিত্তিক আলাদা করে সভা ও প্রেজেন্টেশনের আয়োজন অব্যাহত রাখতে নির্দেশ প্রদান করেন। |
| ৪.৮ | মহাপরিচালক মহোদয় আমন মওসুমে দেশের বিভিন্ন এলাকায় কৃষকের মাঠে ব্রি উদ্ভাবিত নতুন জাতগুলোর প্রদর্শনীর তথ্যাদি এবং প্রদর্শনীর ফলে জাত সম্প্রসারণে প্রভাব সংক্রান্ত প্রাপ্ত ডেটার উপর ভিত্তি করে ডেটা এনালাইলিস হতে প্রাপ্ত ফলাফলের উপর কৃষি পরিসংখ্যান বিভাগকে আগামী সভায় একটি উপস্থাপনা করতে নির্দেশ প্রদান করেন। এছাড়া মহাপরিচালক মহোদয় ব্রি'র রাজস্ব বাজেট এবং প্রকল্প/কর্মসূচির আওতায় প্রধান কার্যালয় এবং আঞ্চলিক কার্যালয়ের তত্ত্বাবধানে মওসুমভিত্তিক কৃষকের মাঠে স্থাপিত প্রতিটি প্রদর্শনীর তথ্যাদি (কৃষকের নাম, মোবাইল নাম্বার, জাতের নাম, হেক্টর প্রতি ফলন এবং ধান উৎপাদনে সমস্যাসহ প্রয়োজনীয় অন্যান্য বিষয়াদি) সময়মত বিভাগীয় প্রধান, কৃষি পরিসংখ্যান বিভাগসহ সংশ্লিষ্টদের নিকট প্রেরণ অব্যাহত রাখার জন্য নির্দেশ প্রদান করেন। |

**৫. ২০২৫-২৬ অর্থবছরে বাস্তবায়নাধীন বিভিন্ন উন্নয়ন প্রকল্প এবং রাজস্ব কর্মসূচি ভিত্তিক গৃহীত কর্ম পরিকল্পনা ও সংগ্রহ পরিকল্পনা অনুযায়ী নভেম্বর/২০২৫ মাসের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনাঃ-**

(ক) উন্নয়ন বাজেটের অগ্রগতিঃ

বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটের অধীনে ২০২৫-২০২৬ অর্থবছরের এডিপি'তে ০৪টি প্রকল্প রয়েছে। চলমান ৪টি প্রকল্পের মোটএডিপি বরাদ্দ ৩২১.৩৮ কোটি টাকা। ৩টি প্রকল্প জিওবি অর্থায়নে এবং ১টি প্রকল্প জিওবি ও বৈদেশিক অর্থায়নে বাস্তবায়িত হচ্ছে। নভেম্বর/২০২৫ পর্যন্ত ব্যয় হয়েছে ৪৫.৭৭৮৪ কোটি টাকা যা বরাদ্দের- ১৪.২৪%। গত অর্থবছরে ৩টি প্রকল্পে এডিপি বরাদ্দ ছিল ৩২৯.৩০ কোটি টাকা। নভেম্বর /২০২৪ পর্যন্ত ব্যয় হয়েছিল ৩৯.০৭ কোটি টাকা যা বরাদ্দের- ১১.৮৬%। **চলমান ২০২৫-২০২৬ অর্থবছরে ৩টি প্রকল্পে মোট ২৪টি দরপত্রের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। ইতোমধ্যে ২৩টি দরপত্রের আহ্বান এবং ১৫টি দরপত্রের কার্যাদেশ সম্পন্ন হয়েছে।**

(খ) ২০২৫-২০২৬ অর্থবছরে দরপত্র অগ্রগতি

| প্রকল্প/কর্মসূচির নাম | দরপত্র আহবানের লক্ষ্যমাত্রা | | দরপত্র আহবান (সংখ্যায়) | কার্যাদেশ প্রদান (সংখ্যায়) |
|---|---|---|---|---|
| | সংখ্যায় | প্রাক্কলিত ব্যয় (কোটি | | |
| উন্নয়ন প্রকল্প | | | | |
| ১.১ যান্ত্রিক পদ্ধতিতে ধান চাষাবাদের লক্ষ্যে খামার যন্ত্রপাতি গবেষণা কার্যক্রম বৃদ্ধিকরণ প্রকল্প | - | - | - | - |
| ১.২ অধিক ফলনশীল হাইব্রিড ধানের জাত উদ্ভাবন, গবেষণা ও আধুনিকায়ন প্রকল্প | ১টি (সেবা-১টি) | ০.৩০ | ১টি (সেবা-১টি) | ১টি (সেবা-১টি) |
| ১.৩ Program on Agricultural and Rural Transformation for Nutrition, Entrepreneurship and Resilience in Bangladesh (PARTNER) BRRI Component | ২১টি (পণ্য-১১টি, কার্য-১০টি) | ৪৮.৫১ | ২১টি (পণ্য- ১১টি, কার্য-১০টি) | ১৪টি (পণ্য- ৬টি, কার্য-৮টি) |
| ১.৪ নতুন ০৬টি আঞ্চলিক কার্যালয় স্থাপনের মাধ্যমে স্থানভিত্তিক ধানের জাত ও প্রযুক্তি উদ্ভাবন এবং বিদ্যমান গবেষণাগার উন্নয়ন (এলএসটিডি) | ২টি (পণ্য-১টি সেবা-১টি) | ০.৯৩৯০ | ১টি (সেবা-১টি) | - |
| **সর্বমোট** | **২৪টি (পণ্য-১২টি, কার্য- ১০টি, সেবা-২টি)** | **৪৯.৭৪৯০** | **২৩টি (পণ্য-১১টি, কার্য- ১০টি, সেবা-২টি)** | **১৫টি (পণ্য- ৬টি, কার্য-৮টি, সেবা-১টি)** |

(গ) ২০২৫-২০২৬ অর্থবছরে বাজেট বরাদ্দ ও অগ্রগতিঃ

(কোটি টাকায়)

| প্রকল্প/কর্মসূচির নাম | মোট এডিপি বরাদ্দ (জিওবি) (পিএ) | মোট অর্থ ছাড় (%) জিওবি (%) পিএ (%) নভেম্বর /২০২৫ পর্যন্ত | নভেম্বর /২০২৫ পর্যন্ত অগ্রগতি | গত বছরের নভেম্বর /২০২৪ পর্যন্ত সময়ে অগ্রগতি | নভেম্বর / ২০২৫ পর্যন্ত বাস্তব অগ্রগতি |
|---|---|---|---|---|---|
| | | | মোট ব্যয় (%) জিওবি (%) পিএ (%) | মোট ব্যয় (%) জিওবি (%) পিএ (%) | |
| ১. উন্নয়ন প্রকল্প | | | | | |
| ১.১ যান্ত্রিক পদ্ধতিতে ধান চাষাবাদের লক্ষ্যে খামার যন্ত্রপাতি গবেষণা কার্যক্রম বৃদ্ধিকরণ প্রকল্প | ৩.৭২ (৩.৭২) (-) | ১.৮৬ (৫০.০০) ১.৮৬ (৫০.০০) (-) | ১.৬০ (৪৩.০১) ১.৬০ (৪৩.০১) (-) | ২.৭০ (৩০.৯৩) ২.৭০ (৩০.৯৩) (-) | ৪৫.০০% |
| ১.২ অধিক ফলনশীল হাইব্রিড ধানের জাত উদ্ভাবন, গবেষণা ও আধুনিকায়ন প্রকল্প | ৭.১১ (৭.১১) (-) | ৩.৫৫৫০ (৫০.০০) ৩.৫৫৫০ (৫০.০০) (-) | ২.৩৫ (৩৩.০৫) ২.৩৫ (৩৩.০৫) (-) | ২.৯১ (৩২.৩৩) ২.৯১ (৩২.৩৩) (-) | ৩৫.০০% |
| ১.৩ Program on Agricultural and Rural Transformation for Nutrition, Entrepreneurship and Resilience in Bangladesh | ১৭৯.৬০ (২৬.০০) (১৫৩.৬০) | ৮৩.৩০ (৪৬.৩৮) ৬.৫০ (২৫.০০) ৭৬.৮০ (৫০.০০) | ৩২.৭৭৮৪ (১৮.২৫) ১.৪১৮০ (৫.৪৫) ৩১.৩৬০৪ (২০.৪২) | ২৬.৪৬ (১৬.৯৩) ১.৫৯ (৫.৩৮) ২৪.৮৭ (১৯.৬৩) | ৪৬.০০% |

| প্রকল্প/কর্মসূচির নাম | মোট এডিপি বরাদ্দ (জিওবি) (পিএ) | মোট অর্থ ছাড় (%) জিওবি (%) পিএ (%) নভেম্বর /২০২৫ পর্যন্ত | নভেম্বর /২০২৫ পর্যন্ত অগ্রগতি | গত বছরের নভেম্বর /২০২৪ পর্যন্ত সময়ে অগ্রগতি | নভেম্বর / ২০২৫ পর্যন্ত বাস্তব অগ্রগতি |
|---|---|---|---|---|---|
| | | | মোট ব্যয় (%)<br>জিওবি (%)<br>পিএ (%) | মোট ব্যয় (%)<br>জিওবি (%)<br>পিএ (%) | |
| (PARTNER-BRRI Component) | | | | | |
| ১.৪ নতুন ০৬টি আঞ্চলিক কার্যালয় স্থাপনের মাধ্যমে স্থানভিত্তিক ধানের জাত ও প্রযুক্তি উদ্ভাবন এবং বিদ্যমান গবেষণাগার উন্নয়ন | ১৩০.৯৫<br>(১৩০.৯৫)<br>(-) | ১২.১১৩০ (৯.২৫)<br>১২.১১৩০ (৯.২৫)<br>(-) | ৯.০৫ (৬.৯১)<br>৯.০৫ (৬.৯১)<br>(-) | ৭.০০ (৪.৫১)<br>৭.০০ (৪.৫১)<br>(-) | ৩০.০০% |
| **উপমোট = ৪টি প্রকল্প** | **৩২১.৩৮**<br>**(১৬৭.৭৮)**<br>**(১৫৩.৬০)** | **১০০.৮২৮০ (৩১.৩৭)**<br>**২৪.০২৮০ (১৪.৩২)**<br>**৭৬.৮০ (৫০.০০)** | **৪৫.৭৭৮৪(১৪.২৪)**<br>**১৪.৪১৮০ (৮.৫৯)**<br>**৩১.৩৬০৪(২০.৪২)** | **৩৯.০৭ (১১.৮৬)**<br>**১৪.২০ (৭.০১)**<br>**২৪.৮৭ (১৯.৬৩)** | - |
| ২. উন্নয়ন কর্মসূচিসমূহ | - | - | - | - | - |
| **৩. রাজস্ব বাজেট** | | | | | |
| বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট | ১৩৯.০৫<br>(১৩৯.০৫)<br>(-) | ৬৭.০৮ (৪৮.২৪)<br>৬৭.০৮ (৪৮.২৪)<br>(-) | ৪৭.০৪ (৩৩.৮৩)<br>৪৭.০৪ (৩৩.৮৩)<br>(-) | ৪৭.৩৮৪৭(৩৫.৯৪)<br>৪৭.৩৮৪৭(৩৫.৯৪)<br>(-) | ৩৫.০০% |
| উপমোট | ১৩৯.০৫<br>(১৩৯.০৫)<br>(-) | ৬৭.০৮ (৪৮.২৪)<br>৬৭.০৮ (৪৮.২৪)<br>(-) | ৪৭.০৪ (৩৩.৮৩)<br>৪৭.০৪ (৩৩.৮৩)<br>(-) | ৪৭.৩৮৪৭(৩৫.৯৪)<br>৪৭.৩৮৪৭(৩৫.৯৪)<br>(-) | - |
| সর্বমোট (১+২+৩) | **৪৬০.৪৩**<br>**(৩০৬.৮৩)**<br>**(১৫৩.৬০)** | **১৬৭.৯০৮০(৩৬.৪৭)**<br>**৯১.১০৮০ (২৯.৬৯)**<br>**৭৬.৮০ (৫০.০০)** | **৯২.৮১৮৪ (২০.১৬)**<br>**৬১.৪৫৮০ (২০.০৩)**<br>**৩১.৩৬০৪ (২০.৪২)** | **৮৬.৪৫৪৭(১৮.৭৫)**<br>**৬১.৫৮৪৭(১৮.৪১)**<br>**২৪.৮৭ (১৯.৬৩)** | - |

**(ঘ) নন-এডিপিভুক্ত প্রকল্পের প্রতিবেদন:**

(Tk in Lakh)

| Sl | Project title and Period | Name of the PD/PI/ Coordinator | Source of Fund | Component/ Collaborative Org. | Total Project Cost | Progress up to November/ 2025 (%) |
|---|---|---|---|---|---|---|
| **1** | **2** | **3** | **4** | **5** | **6** | **7** |
| **Ongoing Non-ADP (Request to Provide Project Proposal)** | | | | | | |
| | | | **Plant Breeding Division-2** | | | |
| 1 | Feed the Future Innovation Lab for Climate Resilient Cereals (CRCIL) (20 September 2023 to 29 September 2028) | Dr. Mohammad Khalequzzaman, Director General (Grade-2), BRRI | USAID | Kansas State University (KSU), USA | 604.99 | 224.03 (37.03%) |
| 2 | BRRI Support to successfully Implement Rapid Cycle Genomic Selection (RCGS) | Dr. Mohammad Khalequzzaman, Director General, BRRI | Bill and Melinda Gates | International Rice Research Institute (IRRI) | 2300.57 | 234.01 (10.17%) |

| Sl | Project title and Period | Name of the PD/PI/ Coordinator | Source of Fund | Component/ Collaborative Org. | Total Project Cost | Progress up to November/ 2025 (%) |
|---|---|---|---|---|---|---|
| 1 | 2 | 3 | 4 | 5 | 6 | 7 |
| | BMGF Project Code: INV-069664 (01-11-2024 to 31-10-2028) | | Foundation (BMGF) | | | |
| **Entomology Division-2** | | | | | | |
| 3 | Asia Regional FAW and BPH Diagnostics and Monitoring and Surveillance Program (November 2023 to September 2026) | Dr. Md. Mofazzel Hossain, CSO, Entomology Division, BRRI | AFACI, RDA, Korea | BWMRI; & BARI | 12.50 | 0.24 (1.92%) |
| 4 | Insecticide Resistance and Resurgence Management of Tungro Disseminating Green Leafhopper Project (24 June/2023 to 23 June/2026) | PI: Dr. Md. Nazmul Bari, PSO, Entomology Division, BRRI CI: Hasna Hena, SO, Entomology Division, BRRI | KGF | N/A | 35.00 | 27.65 (79.00%) |
| **Rice Farming Division-1** | | | | | | |
| 5 | Productivity enhancement of Boro rice – Fallow-T. Aman rice - Rapeseed mustard cropping system in Bangladesh under the project titled Productivity enhancement of priority corps through piloting and upscaling of tailored, innovative, climate resilient and sustainable agricultural practices in South Asian countries (FVC/RAP/209/MUL) (1 March 2024 to 31 December 2025) | DR. Md. Ibrahim, CSO & Head. RFS Division, BRRI | FAO | N/A | 78.04 | 62.44 (80.01%) |
| **Agricultural Economics Division-1** | | | | | | |
| 6 | Socio-economic Assessing of AWD on rice cultivation in Bangladesh (January 2024 to March-2026) | DR. Mohammad Chhiddikur Rahman, SSO, Agricultural Economics Division, BRRI | JIRCAS | Agricultural Economics Division, BRRI | 17.58 | 13.58 (77.25%) |

| Sl | Project title and Period | Name of the PD/PI/ Coordinator | Source of Fund | Component/ Collaborative Org. | Total Project Cost | Progress up to November/ 2025 (%) |
|---|---|---|---|---|---|---|
| 1 | 2 | 3 | 4 | 5 | 6 | 7 |
| | | | **Agronomy Division-1** | | | |
| 7 | Accelerating rice-based agri-food systems transformation for better sustainability, profitability and inclusiveness through promoting the adoption and up scaling of mechanized ratooning rice systems (TCP/RAS/3906) (14 March 2024- 31 August 2025) | Dr. Md. Adil Badshah, PSO, Agronomy Division | FAO | N/A | 56.55 | 23.19 (41.00%) |
| | | | **Soil Science Division-2** | | | |
| 8 | Spatial Distribution and Mapping of Total and Available Phosphorus in Long-Term Phosphate Fertilized Soils of Bangladesh. **(Already Project Proposal Provided)** | Dr. Muhammad Sajidur Rahman, PSO, Soil Science Division, BRRI CI: Dr. Md. Rafiqul Islam, Director (Research), BRRI and Dr. Md.Mozammel Haque, SSO, Soil Science Division, BRRI | crc for Contamination Assessment and Remediation of the Environment (crcCARE), Australia | School of Environmental and Life Sciences, University of Newcastle, Australia | 62.14 | 12.33 (19.85%) |
| 9 | Sustainable soil management for enhanced crop productivity in haor ecosystem and reduction of GHG emissions in Barind ecosystem in the rice based cropping pattern (September 2025 to August 2028) | PI: Aminul Islam Co-P: Umme Aminun Naher CI: Md.Mazammel Haque | BAS-USDA Commissioned Project | BRRI, BAU, KU, DU | 79.48 | 0.056 (0.07%) |
| | | | **ICT Cell -1** | | | |
| 10 | Smart detection of rice disease and insects through 4IR (fourth Industrial Revolution) technologies (24 June/2023 to 23 June/2026) | Md. Mahfuz Bin Wahab, Programmer. ICT Cell, Agri. Stat. Div. BRRI | KGF | A2i (Aspire to Innovate) | 35.00 | 26.62 (76.05%) |
| | | | **Irrigation and Water Management Division-2** | | | |
| 11 | Pilot Research Project on Irrigation Water Management and Web- | Dr. Md. Mahbubul Alam, | University of Applied | BADC,BARI, BAU,BUET,LI | 74.32 | 26.00 (34.98%) |

| Sl | Project title and Period | Name of the PD/PI/ Coordinator | Source of Fund | Component/ Collaborative Org. | Total Project Cost | Progress up to November/ 2025 (%) |
|---|---|---|---|---|---|---|
| 1 | 2 | 3 | 4 | 5 | 6 | 7 |
| | based Agricultural Information System for Bangladesh (Web-AIS) (November- 2024 to December- 2027) | PSO & Head, IWMD, BRRI | Sciences (THKOLN), Germany | ST,TUD,Unni Bon | | |
| 12 | Mitigating risk and scaling-out profitable cropping system intensification practices in the salt-affected coastal zones of the Ganges Delta (1 March 2021 to June 2026) | Dr. Priya Lal Chandra Paul, SSO, IWMD, BRRI | ACIAR, Australia & KGF, Bangladesh (KGF part only for BRRI & BARI) | BARI & Shushilan, Bangladesh; & CSSRI, BCKV and TSRD, India; CSIRO & MU, Australia | 200.00 | 180.00 (90.00%) |
| **Barishal Regional Station-1** | | | | | | |
| 13 | Sustainable management of rice blast disease and development of resistant variety for haor and costal areas of Bangladesh (Period: 3 Years (01 July 2025 to 30 June 2028) **(Already Project Proposal Provided)** | Name of the PI: Dr.Mohammad Ashik Iqbal Khan | BAS-USDA Endowment Program | Bangladesh Rice Research Institute,Regional Station, Barishal. | 47.16 | 3.35 (7.11%) |
| **Completed Non-ADP (Request to Provide PCR)** | | | | | | |
| 1 | Transforming Rice Breeding in Bangladesh: Institutional Capacity Building (Second Phase) (BRRI-Part) (01 December 2019 to 30 June 2025) **(Already PCR Provided)** | Dr. Mohammad Khalequzzaman, Director General, BRRI | Bill and Melinda Gates Foundation (BMGF) | International Rice Research Institute (IRRI) | 3364.00 | 3364.00 (100.00%) |
| 2 | AFACI – Stress Tolerant High Yielding Rice (SHR+) Project-BRRI Part (2022-2025) **(Already PCR Provided)** | Dr. Md. Harunur Rashid, CSO and PI, BARC, Dhaka Dr. Md. Akhlasur Rahman, PSO and Co-PI, Plant Breeding Division, BRRI Gazipur | AFACI, RDA, South Korea | BRRI R/S, Satkhira (Salinity) BRRI R/S Rangpur (Submergence) | 48.00 | 47.95 (99.90%) |
| 3 | Development of Short Duration Cold Tolerant Rice (SDCTR) for Haor Areas of Bangladesh | Dr. Partha Sarathi Biswas, CSO & Head Habigonj R/S, | IRRI- KGF | Plant Physiology, BRRI R/S Habiganj | 481.00 | 419.67 (87.25%) |

| Sl | Project title and Period | Name of the PD/PI/ Coordinator | Source of Fund | Component/ Collaborative Org. | Total Project Cost | Progress up to November/ 2025 (%) |
|---|---|---|---|---|---|---|
| 1 | 2 | 3 | 4 | 5 | 6 | 7 |
| | (SDCTR-Physiology) 5 Yrs (2020-21 to 2024-25) **(Already PCR Provided)** | Dr. Salma Pervin, CSO & Head, Plant physiology Division, BRRI | | | | |
| 4 | IRRI NARES Breeding Networks Project (01 January 2024 to 31 December 2024) | Dr. Khandakar Md. Iftekharuddaula, CSO & Head, Plant Breeding Division | Bill and Melinda Gates Foundation (BMGF) | International Rice Research Institute (IRRI) | 97.58 | 97.58 (100.00%) |
| 5 | Productivity Enhancement through Improved Agricultural Water Management Technologies in the Haor Areas (PIWMH Project) (Jul 2023 to June- 2025) | Dr. Md. Mahbubul Alam, PSO & Head, IWMD, BRRI | Dutch-Bangla Bank Limited | **N/A** | 49.00 | 49.00 (100.00%) |
| 6 | Upscaling of Improved Water Management Practices for Sustainable Productivity in the Haor areas. (18 Nov 2021 to 17 June 2025) | Dr. Md. Mahbubul Alam, PSO & Head, IWMD, BRRI | KGF | **N/A** | 53.25 | 53.20 (99.91%) |
| 7 | Dissemination of Prilled Urea Applicator to Boost-up Rice Production (June/2024 to April/2025) | Dr. Mohammad Kamruzzaman, SSO, FMPHT Division | NCC bank | N/A | 90.00 | 87.30 (97.00%) |

**৭. সিদ্ধান্ত/সুপারিশসমূহঃ**

| ক্রঃ নং | সিদ্ধান্ত/সুপারিশসমূহ | বাস্তবায়নকারী কর্মকর্তাগণ |
|---|---|---|
| ১. | ১.১ চলতি ২০২৫-২৬ অর্থবছরে রাজস্ব/প্রকল্প/কর্মসূচির বাজেটের আওতায় ক্রয় পরিকল্পনায় নির্ধারিত পণ্য, কার্য ও সেবার দরপত্রের স্পেসিফিকেশন দক্ষতার সহিত প্রস্তুত করে দ্রুত কার্যাদেশ প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সকল প্রকল্প পরিচালক, নির্বাহী প্রকৌশলী এবং সহকারী পরিচালক (সংগ্রহ) |
| | ১.২ এডিপি বরাদ্দের আলোকে আর্থিক শৃঙ্খলা ও অঙ্গভিত্তিক বিভাজন মেনে বস্তুনিষ্ঠ উপায়ে স্বচ্ছতার সহিত সকল অঙ্গের ভৌত ও আর্থিক অগ্রগতি শতভাগ অর্জন করতে হবে। | সকল প্রকল্প পরিচালক |
| | ১.৩ চলতি বোরো মওসুমে যান্ত্রিক প্রকল্পের আওতায় উদ্ভাবিত ব্রি কম্বাইন হার্ভেস্টারের কার্যকারিতা এবং উপযোগিতা পরীক্ষার লক্ষ্যে বিভিন্ন আর্দ্রতার ধান কর্তনকালে ধানের ক্ষতি পরিমাপ করে কারিগরি প্রতিবেদন জমা দিতে হবে। | বিভাগীয় প্রধান,এফএমপিএইচটি এবং সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক |
| ২. | ফলিত গবেষণা বিভাগ/আঞ্চলিক কার্যালয়ের মাধ্যমে যে প্রদর্শনী হয় তার সংখ্যা যৌক্তিক পর্যায়ে কমানোর লক্ষ্যে প্রণীত প্রশ্নমালা নিয়ে আগামী ০৫/০১/২০২৬ | বিভাগীয় প্রধান, কৃষি পরিসংখ্যান |

| ক্রঃ নং | সিদ্ধান্ত/সুপারিশসমূহ | বাস্তবায়নকারী কর্মকর্তাগণ |
|---|---|---|
| | তারিখের মধ্যে সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান/আঞ্চলিক কার্যালয় প্রধানগণদের নিয়ে একটি জুম সভা আয়োজন করতে হবে। | |
| ৩. | আগামী মাসিক এডিপি সভার শুরুতে ব্রির অবকাঠামো নির্মাণের মাস্টার প্লান উপস্থাপন করতে হবে। | নির্বাহী প্রকৌশলী |
| ৪. | মেকানাইজড ভিলেজ কার্যক্রম বাস্তবায়নে আঞ্চলিক কার্যালয় প্রধানগণকে প্রকল্প পরিচালক এবং বিভাগীয় প্রধান, এফএমপিএইচটি বিভাগের সাথে সমন্বয় করে কার্যক্রম পরিচালনা করতঃ প্রয়োজনে স্থান পরিবর্তনসহ নিজ এলাকা ও উদ্যোক্তা বিবেচনায় নিয়ে নিজস্ব কর্মপরিকল্পনা প্রণয়ন করতে এবং প্রকল্প পরচিালককে আরও প্রশিক্ষণ প্রদান করে উদ্যোক্তা/ আঞ্চলিক কার্যালয়ের জনবলের যন্ত্র চালনা, মেরামত ও রক্ষণাবেক্ষণে দক্ষতা বৃদ্ধি করতে হবে। | সংশ্লিষ্ট আঞ্চলিক কার্যালয় প্রধানগণ, সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক, বিভাগীয় প্রধান, এফএমপিএইচটি |
| ৫. | প্রকল্প/কর্মসূচি এবং জিওবি বাজেটের আওতায় আঞ্চলিক কার্যালয়ের মাধ্যমে বীজ ধান উৎপাদন ও প্রক্রিয়াকরণে সকল নিয়ম কানুন অনুসরণসহ বীজের অপটিমাম জারমিনেশন নিশ্চিত করেই বীজ বিতরণ করতঃ বীজ ধানের সকল গুণাগুণ কিভাবে বজায় রাখা যায় তার উপর জিআরএস বিভাগসহ সকল গবেষণা বিভাগকে পরিচালক (গবেষণা) বরাবর প্রস্তাবনা আগামী ৩১ ডিসেম্বর ২০২৫ এর মধ্যে প্রেরণ করতে হবে। | জিআরএস বিভাগসহ সকল গবেষণা বিভাগ এবং আঞ্চলিক কার্যালয় প্রধানগণ |
| ৬. | ৬.১ রাজস্ব বাজেট এবং প্রকল্প/কর্মসূচির আওতায় চলমান বিভিন্ন নির্মাণ এবং ভূমি উন্নয়ন কাজের ভৌত পরিমাণ ও গুণগতমান নিশ্চিত করার লক্ষ্যে প্রধান কার্যালয়ের মনিটরিং এবং স্থানীয় মনিটরিং কমিটিকে বাস্তবায়াধীন কার্যক্রম নিয়মিত পরিদর্শন করতে এবং পরিদর্শনকালে কোন ত্রুটি-বিচ্যুতি পাওয়া গেলে কাজ বন্ধ রাখতে হবে। | সকল প্রকল্প পরিচালক, সংশ্লিষ্ট বিভাগ/আঞ্চলিক কার্যালয় প্রধান এবং মনিটরিং কমিটি |
| | ৬.২ প্রধান/আঞ্চলিক কার্যালয়ে সকল নির্মাণ কাজে ব্যবহৃত ইট, রডসহ সকল উপকরণ এক নম্বর নিশ্চিত না হলে ফেরত পাঠানোর পাশাপাশি ইট ও বালু ব্যবহারের পূর্বে তা চৌবাচ্চায় বা হাউজে ভিজিয়ে রাখতে হবে। | সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক, নির্বাহী প্রকৌশলী এবং সংশ্লিষ্ট আঞ্চলিক কার্যালয় প্রধান |
| | ৬.৩ পার্টনা প্রকল্পের আওতায় গোপালগঞ্জ আঞ্চলিক কার্যালয়ের নির্মাধীণ কাজে সাইনবোর্ডে অনুমোদনহীন সময় বৃদ্ধির জন্য ঠিকাদারকে কারণ দর্শানোর নোটিশ প্রদান করতে হবে | সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক |
| ৭. | নন-এডিপিভুক্ত সকল প্রকল্পের বাস্তবায়ন/বাস্তবায়নোত্তর পর্যায়ে কৃষক বা কৃষি ক্ষেত্রে এর প্রভাব ও কার্যক্রমের টেকসই রূপদানের পরিকল্পনা উল্লেখসহ বিভিন্ন বিভাগে বাস্তবায়নাধীন নন-এডিপিভুক্ত প্রকল্পের গবেষণাসহ অন্যান্য কার্যক্রম এবং তার আউটপুট নিয়ে বিভাগভিত্তিক আলাদা করে সভা ও প্রেজেন্টেশনের আয়োজন অব্যাহত রাখতে হবে। | পরিচালক (গবেষণা), পরিকল্পনা ও মূল্যায়ন বিভাগ, সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানগণ এবং সকল নন-এডিপিভুক্ত প্রকল্প পরিচালক |
| ৮. | ৮.১ বিভিন্ন মওসুমে দেশের বিভিন্ন এলাকায় কৃষকের মাঠে ব্রি উদ্ভাবিত নতুন জাতগুলোর প্রদর্শনীর তথ্যাদি এবং প্রদর্শনীর ফলে জাত সম্প্রসারণে প্রভাবের উপর কৃষি পরিসংখ্যান বিভাগ কে একটি উপস্থাপনা দিতে হবে। এছাড়া প্রদর্শনীর তথ্যাদি (কৃষকের নাম, মোবাইল নাম্বার, জাতের নাম, হেক্টর প্রতি ফলন এবং ধান উৎপাদনে সমস্যাসহ প্রয়োজনীয় অন্যান্য বিষয়াদি) সময়মত বিভাগীয় প্রধান, কৃষি পরিসংখ্যান বিভাগসহ সংশ্লিষ্টদের নিকট প্রেরণ করতে হবে। | বিভাগীয় প্রধান, কৃষি পরিসংখ্যান এবং সংশ্লিষ্ট গবেষণা বিভাগ/আঞ্চলিক কার্যালয়/প্রকল্প পরিচালক |

পরিশেষে, সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৪-১২-২০২৫
ড. মোহাম্মদ খালেকুজ্জামান
মহাপরিচালক (রুটিন দায়িত্ব)
৪৯২৭২০০৫-৯, ৪৯২৭২০৪০ (ফোন)
৪৯২৭২০০০ (ফ্যাক্স)
dg@brri.gov.bd

নম্বর: ১২.২২.০০০০.০০০.০৩০.০২.০০০১.১৭.২১৬

তারিখ: ৯ পৌষ ১৪৩২ বঙ্গাব্দ
২৪ ডিসেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সকল বিভাগ/শাখা ও আঞ্চলিক কার্যালয় প্রধানগণ, ব্রি।।
২। প্রকল্প পরিচালক/ উপ-প্রকল্প পরিচালকগণ, ব্রি।
৩। নন এডিপি প্রকল্প পরিচালকগণ, ব্রি।
৪। সহকারী পরিচালক (প্রশাসন), মহাপরিচালকের দপ্তর , বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট।
৫। পিএ (অতিরিক্ত দায়িত্ব), প্রশাসন উইং, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট।
৬। অফিস সহায়ক, গবেষণা উইং, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট।

২৮-১২-২০২৫
আতিয়া রোখসানা
প্রিন্সিপাল প্লানিং অফিসার